

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৬৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

بَابُ الشَّفَقَةِ وَالرَّحْمَةِ عَلَى الْخَلْقِ

আরবী

وعن أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَدْخُلُ الْجَنَّةَ مَنْ لَا يَأْمَنُ جَارُهُ بَوَائِقَهُ» . رَوَاهُ مُسلم

বাংলা

৪৯৬৩-[১৭] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সে ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না, যার প্রতিবেশী তার অনিষ্টতা থেকে নিরাপদ নয়। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৭৩-(৪৬), সহীহুল জামি' ৭৬৭৫, সহীহ আল আদাবুল মুফরাদ ৮৯, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৭৫, আহমাদ ৮৮৫৫, মুসনাদে আবৃ ইয়া'লা ৬৪৯০, শু'আবুল ঈমান ৯৫৩৫, হিলইয়াতুল আওলিয়া ৩/২৪, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১০৪০১, আল মুসতাদরাক ২১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসের وَائِقَةُ مَنْ لَا يَلْمَنُ جَارُهُ بَوَائِقَ भक्षि بِوَائِقَ भक्षि بِوَائِقَةُ مَنْ لا يَلْمَنُ جَارُهُ بَوَائِقَةً भक्षि بائقة এর বহুবচন, যার অর্থ আবে কষ্টকর কোন জিনিস। (لَا يَدْخُلُ الْجَنَّةَ) 'জান্নাতে প্রবেশ করতে পারবে না', এর অর্থ দু'টি হতে পারে।

- ১। যারা মুসলিমদের কষ্ট দেয়া হালাল মনে করে তারা কাফির হয়ে যাবে, আর কাফির মূলতই জান্নাতে যেতে পারবে না।
- ২। মুসলিমদের কষ্ট দেয় এমন ব্যক্তির শাস্তি হলো সে সফলকাম মুসলিমদের সাথে প্রথম সারিতে জান্নাতে যেতে



পারবে না, বরং তাকে অনেক অপেক্ষা করতে হবে। তারপর আল্লাহ তাকে শাস্তি দিলে দিতে পারেন আর মাফ করলে তার ইচ্ছা।

আহলুস্ সুন্নাহ্ ওয়াল জামা'আতের মতামত যে, যারা কাবীরাহ্ গুনাহ করে অথচ তাওহীদের উপর মারা যায় তারা আল্লাহর ইচ্ছায় থাকবে যদি আল্লাহ চান তাদের শাস্তি দিবেন, আর চাইলে তিনি তাদের মাফ করে জান্নাতে দিবেন, অথবা কিছু শাস্তি দিয়ে জান্নাতে দিবেন। (শারহুন নাবাবী ২য় খন্ড, হাঃ ৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন